APIAHF
ASIAN & PACIFIC ISLANDER
AMERICAN HEALTH FORUM

স্বাস্থ্য সেবা সংস্কার এবং এশীয় আমেরিকান, জন্মসূত্রে হাওয়াইয়ান, ও প্রশান্ত দ্বীপবাসীদের (পেসিফিক আইল্যান্ডার) উপরে তার প্রভাব

বারবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী

প্রেক্ষাপট

স্বাস্থ্য সেবা সংস্কার কী এবং এটা কখন কার্যকরী হবে?

- স্বাস্থ্য সেবা সংস্কার নতুন রাষ্ট্রীয় আইনগুলির প্রতি নির্দেশ করে (''পেশেন্ট প্রোটেকশন অ্যান্ড অ্যাফোর্ডেব্ল কেয়ার অ্যাক্ট'' এবং ''2010 এর হেল্থ কেয়ার অ্যান্ড এডুকেশন অ্যাফোর্ডেবিলিটি রিকনসিলিয়েশন অ্যাক্ট''), যেগুলি বর্তমানের স্বাস্থ্য সেবা ব্যবস্থার উন্নতিসাধন করে, লক্ষ লক্ষ বীমাহীন মানুষের জন্য আওতাকে প্রসারিত করে এবং নতুন, সামর্থ্যের মধ্যে স্বাস্থ্য বীমার বিকল্প স্থাপন করে।
- রাষ্ট্রপতি 23শে মার্চ 2010 ও 30শে মার্চ 2010-এ আইনগুলিতে স্বাক্ষর করেছেন। এই আইনগুলি যে সমস্ত উন্নয়ন ঘটাবে তার মধ্যে কয়েকটি 2010-এ শুরু হবে এবং অন্যগুলি আগামী বছরগুলিতে আসবে। (APIAHF এর স্বাস্থ্য সেবা সংস্কার রূপায়ণ সময়সীমার জন্য www.apiahf.org/hcr দেখুন)।

কার্যকর বিষয়গুলিকে সংরক্ষণ করা

স্বাস্থ্য সেবা সংস্কার কি আমার করগুলিকে বাড়িয়ে দেবে?

- 96% আমেরিকানের ক্ষেত্রে এটা হবে না। আপনার ব্যক্তিগত বার্ষিক আয় যদি $200,000 হয় এবং দম্পতি হিসাবে বার্ষিক আয় $250,000 হয়, তাহলে কিছু কর বৃদ্ধি প্রযোজ্য হবে।

আমি কি আমার বর্তমান স্বাস্থ্য বিমার আওতা বজায় রাখতে পারি? আমার বর্তমান স্বাস্থ্য বিমার আওতার কি কিছু হবে?

- **হ্যাঁ।** আপনি আপনার বর্তমান স্বাস্থ্য বিমার আওতা বজায় রাখতে পারেন।
- **হ্যাঁ,** বর্তমানের স্বাস্থ্য পরিকল্পনাগুলিতে কিছু পরিবর্তন হবে। 2010 এ শুরু হয়ে, দলগত ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিকল্পনাগুলি এখন থেকে আর আজীবন সীমা তৈরি করতে বা আওতা বাতিল করতে পারবে না। স্বাস্থ্য সেবা সংস্কার আইন অপেক্ষার সময়কাল ও বার্ষিক আওতার সীমা সৃষ্টি করার ক্ষেত্রে বীমা প্রদানকারীদের ক্ষমতাকেও সীমিত করে। 2014 সালে পরিকল্পনাগুলি আর আগে থেকে বিদ্যমান রোগগুলির জন্য বীমার আওতা প্রত্যাখ্যান করতে পারবে না।

আমার রাজ্যে বাজেট ঘাটতি আছে। স্বাস্থ্য সেবা সংস্কার কি রাজ্যগুলিকে মেডিকেইড ও চিল্ড্রেন্স হেল্থ ইনসিওরেন্স প্রোগ্রাম (CHIP)-এর মত সুবিধাগুলিকে ছাঁটাই করা থেকে বিরত করতে সাহায্য করে?

- **হ্যাঁ।** স্বাস্থ্য সেবা সংস্কার আইন অনুযায়ী রাজ্যগুলি মেডিকেইড ও CHIP সুবিধাগুলির বর্তমান পর্যায়কে শিশুদের জন্য 2019 সাল পর্যন্ত এবং পূর্ণবয়সীদের জন্য রাজ্যের এক্সচেঞ্জ-গুলি সম্পূর্ণ ক্রিয়ারত (সম্ভবত 2014 সালের শেষের দিকে) না হওয়া অবধি রক্ষা করতে বাধ্য থাকে। একমাত্র 133% FPL[1] এর বেশিতে বসবাসরত অক্ষমতাহীন পূর্ণবয়সী ব্যক্তিদের ক্ষেত্রে ছাড়া কোনও রাজ্য যদি অন্যদের সুবিধাগুলি ছাঁটাই করতে চায় তাহলে সেই রাজ্যটি সম্ভবত রাষ্ট্রীয় মেডিকেইড অর্থ অনুদান হারাবে। রাষ্ট্রীয় মেডিকেইড অর্থ অনুদান রাজ্যের রাজস্বে লক্ষ লক্ষ ডলার জমা দেয়।

Headquarters
450 Sutter Street, Suite 600
San Francisco, CA 94108
(P) (415) 954-9988
(F) (415) 954-9999

National Policy Office
1828 L Street, NW, Suite 802
Washington, DC20036
(P) (202) 466-7772
(F) (202) 466-6444

Follow us online:
www.apiahf.org
www.facebook.com/apiahf
www.twitter.com/apiahf
www.youtube.com/apiahf

OCTOBER 2010

[1] 2010-এ 133% FPL এর অর্থ হল একজন ব্যক্তির ক্ষেত্রে $14,403.90 মোট বার্ষিক আয়, তিনজন মানুষের পরিবারের জন্য $24,352.30 মোট বার্ষিক আয়, এবং চারজন মানুষের পরিবারের জন্য $29,326.50 মোট বার্ষিক আয়।

[2] বৈধরূপে উপস্থিত অভিবাসীদের মধ্যে বৈধ স্থায়ী বাসিন্দা (ইউ.এস. নাগরিক বা বৈধ স্থায়

ASIAN & PACIFIC ISLANDER AMERICAN HEALTH FORUM

সামর্থ্যের মধ্যে বীমার আওতা ক্রয় করা

আমাকে কি স্বাস্থ্য বীমার আওতা কিনতে হবে?

- **হ্যাঁ,** তবে এই প্রয়োজন 2014 সালে শুরু হবে এবং কেবলমাত্র নাগরিক এবং যুক্তরাষ্ট্রে বৈধরূপে উপস্থিত[3] ব্যক্তিদের জন্যই প্রযুক্ত হবে। স্বাস্থ্য বীমার আওতা কেনা যদি আর্থিক সমস্যা সৃষ্টি করে কিংবা কোনো ব্যক্তি যদি অন্যান্য সঙ্কীর্ণ ছাড়ের মধ্যে ধর্মীয় ছাড় পান, তাহলে ''ব্যক্তিগত আদেশ'' নামে পরিচিত এই প্রয়োজনটি প্রযুক্ত হয় না। অনথিভুক্ত অভিবাসীরা ব্যক্তিগত আদেশ থেকে মুক্ত।

হেল্থ ইনসিওরেন্স বেনিফিট এক্সচেঞ্জ কী?

- রাজ্য ও ইউ.এস. অঞ্চলগুলি একটি ''বাজারস্থল'' তৈরি করবে যেখানে ব্যক্তিরা ও ক্ষুদ্র ব্যবসাগুলি আরো বেশি সামর্থ্যের মধ্যে বেসরকারী স্বাস্থ্য বীমার পরিকল্পনা কিনতে পারবেন। স্বাস্থ্য বীমা আইন এই বাজারস্থলগুলিকে ''এক্সচেঞ্জ'' বলে। বিশেষত ক্ষুদ্র ব্যবসাগুলির জন্য এই বাজারস্থলগুলিকে ''স্মল বিজনেস হেল্থ অপশন্স প্রোগ্রাম'' (SHOP) এক্সচেঞ্জ বলা হয়। এক্সচেঞ্জগুলি 2014 সালে শুরু হবে।

আমি শুনেছিলাম যে স্বাস্থ্য বীমা কেনার জন্য কর ক্রেডিট পাওয়া যায়। আমি কি কর ক্রেডিট পাওয়ার যোগ্য এবং আমি কোথায় আবেদন করতে পারি?

- স্বাস্থ্য বীমার আওতাকে আরো বেশি সামর্থ্যের মধ্যে আনতে সাহায্য করার জন্য, স্বাস্থ্য সেবা সংস্কার সেই সকল স্বল্প ও মাঝারি উপার্জনের ব্যক্তি ও পরিবারগুলিকে প্রিমিয়াম কর ক্রেডিট ও খরচ ভাগ করে নেওয়ার জন্য ভরতুকি প্রদান করে, যারা মেডিকেইড বা CHIP-এর মত সরকারী কার্যক্রমগুলিতে নথিভুক্ত নন। রাষ্ট্রীয় দারিদ্র্য সীমার (FPL) 400%[4] পর্যন্ত আয়যুক্ত ব্যক্তি ও পরিবারগুলি কোনো রাজ্যের এক্সচেঞ্জে একটি স্বাস্থ্য বীমার পরিকল্পনা ক্রয়ের সময়ে প্রত্যর্পণযোগ্য কর ক্রেডিট পেতে সমর্থ হবেন।
- কোনো এক্সচেঞ্জে একটি পরিকল্পনা কেনার জন্য আবেদনের ফর্মকে সরলীকরণ করা হবে যাতে আবেদনকারীর দ্বারা প্রদত্ত আয় সংক্রান্ত তথ্যাবলীকে কর ক্রেডিট পাওয়ার যোগ্যতা এবং তার পরিমাণ নির্ণয়ের জন্য ব্যবহার করা যায়।

আমি স্বল্প আয়ের একটি পরিবারে আছি, কিন্তু আমি জানি না যে আমি বা আমার সন্তানরা নতুন, সামর্থ্যের মধ্যের বিকল্পগুলির মধ্যে কোনগুলির জন্য যোগ্য হতে পারি। আমার একের পর এক কার্যক্রমে আবেদন করে যাওয়ার মত সময়ও নেই। আমি কী করতে পারি?

- হেল্থ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর সেক্রেটারি মেডিকেইড, CHIP ও এক্সচেঞ্জগুলির জন্য একটিমাত্র আবেদনের ফর্ম তৈরি করবেন। এই প্রণালীটি ব্যক্তিদের সশরীরে বা ইমেইলের মাধ্যমে, অনলাইনে বা টেলিফোনে একবার মাত্র তাদের যোগ্যতা সংক্রান্ত তথ্য জমা দেওয়ার সুযোগ দেবে এবং নথিভুক্তির জন্য যথাযথ কার্যক্রমে একটি রেফারাল পাবে।

মহিলা এবং প্রবীণ ব্যক্তিদের উচ্চতর প্রিমিয়াম হারের কারণে স্বাস্থ্য বীমার আওতা আমার সামর্থ্যের বাইরে। স্বাস্থ্য সেবা সংস্কার কি এই সমস্যাগুলিকে বিবেচনা করে?

- **হ্যাঁ।** 2014 সাল থেকে স্বাস্থ্য বীমা পরিকল্পনাগুলি আর একজন মহিলা কিংবা প্রধানত মহিলাদের নিয়ে গঠিত কর্মীদল-সম্পন্ন ক্ষুদ্র নিয়োগকর্তাদের কাছে বীমার আওতার জন্য উচ্চতর অর্থরাশি দাবি করতে পারবে না। স্বাস্থ্য সেবা সংস্কার প্রবীণ ব্যক্তিদের জন্য প্রিমিয়াম বৃদ্ধিকেও সীমিত করে (তবে নিষিদ্ধ করে না)।

আমি বীমার আওতায় আছি, তবে কো-পের সমস্ত অতিরিক্ত খরচ এবং নিজের পকেট থেকে অন্যান্য খরচ দিতে হওয়ার কারণে আমি ডাক্তারের কাছে যেতে পারি না। স্বাস্থ্য সেবা সংস্কার কি আমার স্বাস্থ্য বীমার আওতাকে ব্যবহার করাকে আরো বেশি সামর্থ্যের মধ্যে নিয়ে আসবে?

- **হ্যাঁ।** 2010 সালে অনেকগুলি স্বাস্থ্য পরিকল্পনাই আর সুপারিশকৃত স্ক্রীনিং (রোগনির্ণায়ক পরীক্ষা), টীকাকরণ, ও পরীক্ষার মত বিভিন্ন প্রতিরোধক সেবাগুলির জন্য আপনার পকেট থেকে খরচ দাবি করবে না। এছাড়া আপনার আয় যদি FPL এর 400% বা তার কম হয়, এবং আপনি মেডিকেইড বা CHIP-এর অধীনে বীমার আওতা না পান, তাহলে আপনি নিজের পকেটের খরচগুলিকে সীমিত করার জন্য প্রিমিয়াম ও খরচ-ভাগকারী ভরতুকি পেতে পারেন।

আমি একটি ক্ষুদ্র ব্যবসার মালিক এবং আমার কর্মচারীদের স্বাস্থ্য বীমা প্রদান করতে অসমর্থ।

- আমাকে কি আমার কর্মচারীদের স্বাস্থ্য বীমা প্রদান করতে হবে?
  - **না,** *যদি না* আপনার ব্যবসায় 50 জন বা তার অধিক পূর্ণ সময়ের বা পূর্ণ সময়ের সমতুল্য কর্মচারী থাকেন।
- আমার কর্মচারীদের বীমার আওতায় আনার জন্য আমার কি কোনো নতুন, সামর্থ্যের মধ্যে বিকল্প আছে?

---

[3] 2010 এ, 400% FPL এর অর্থ হল একজন ব্যক্তির ক্ষেত্রে $43,320 মোট বার্ষিক আয়, তিনজন মানুষের পরিবারের জন্য $73,240 মোট বার্ষিক আয়, এবং চারজন মানুষের পরিবারের জন্য $88,200 মোট বার্ষিক আয়। এই আয়ের পর্যায়গুলি 2014 সালের মধ্যে পরিবর্তিত হতে পারে।

Headquarters
450 Sutter Street, Suite 600
San Francisco, CA 94108
(P) (415) 954-9988
(F) (415) 954-9999

National Policy Office
1828 L Street, NW, Suite 802
Washington, DC20036
(P) (202) 466-7772
(F) (202) 466-6444

Follow us online:
www.apiahf.org
www.facebook.com/apiahf
www.twitter.com/apiahf
www.youtube.com/apiahf

OCTOBER 2010

APIAHF
ASIAN & PACIFIC ISLANDER
AMERICAN HEALTH FORUM

- **হ্যাঁ।** রাজ্যগুলি সামর্থ্যের মধ্যে, ছোট দলের স্বাস্থ্য বীমার আওতা বিকল্প প্রদানের জন্য একটি ''স্মল বিজনেস হেল্থ অপশন্স প্রোগ্রাম'' (SHOP এক্সচেঞ্জ) স্থাপন করবে। 2010 সাল থেকে, যে সমস্ত ক্ষুদ্র ব্যবসাগুলি 25 জন বা তার কম পূর্ণ সময়ের বা পূর্ণ সময়ের সমতুল্য কর্মচারী নিয়োগ করে, এবং যারা গ্রহণযোগ্য গড় বার্ষিক বেতন সীমার মধ্যে পড়ে, তারা কর্মচারীদের স্বাস্থ্য বীমায় অবদান দেওয়ার জন্য একটি কর ক্রেডিটও পাবেন।

নতুন সুবিধা ও যোগ্যতা

আমার বীমা নেই কারণ আমি কর্মহীন অথবা স্বাস্থ্য বীমা আমার সামর্থ্যের বাইরে। স্বাস্থ্য সেবা সংস্কার কি আমাকে সাহায্য করবে?

- **হ্যাঁ।** বিভিন্ন বিকল্পগুলি আপনার ক্ষেত্রে প্রযুক্ত হতে পারে।
  - আপনি যদি 26 বছর বা তার চেয়ে কম বয়সী ব্যক্তি হন, তাহলে আপনি মা-বাবার স্বাস্থ্য পরিকল্পনার অধীনে বীমার আওতা পেতে পারেন।
  - 2014 এ, আপনি যদি একজন অ-প্রবীণ সন্তানহীন পূর্ণবয়স্ক ব্যক্তি হন, তাহলে আপনি মেডিকেইড-এর সুযোগ পেতে পারেন, যদি আপনার আয় 133% FPL বা তার কম হয়, এবং আপনি পাঁচ বছর বা তার কম সময় যাবত ইউ.এস. এ বাসরত একজন আইনী অভিবাসী না হন।
  - রাজ্যগুলি একটি রাজ্য হেলথ বেনিফিট এক্সচেঞ্জ-ও তৈরি করবে যা 2014 সালে নতুন, আরো সামর্থ্যের মধ্যে পরিকল্পনা প্রদান করবে। অনেক কম ও মাঝারি আয়যুক্ত ব্যক্তি ও পরিবার রাজ্য এক্সচেঞ্জে স্বাস্থ্য বীমা পরিকল্পনা কিনতে সাহায্যের জন্য কর ক্রেডিটও পাবেন। সমস্ত আইনী অভিবাসীরা কোনো অপেক্ষার সময়কাল ছাড়াই এক্সচেঞ্জ ও কর ক্রেডিটগুলির সুযোগ নিতে পারেন। অনথিভুক্ত অভিবাসীরা অ-জরুরী মেডিকেইড, মেডিকেয়ার, CHIP বা প্রিমিয়াম কর ক্রেডিটের জন্য যোগ্য হবেন না এবং তাদের রাজ্য এক্সচেঞ্জগুলিতে প্রদত্ত কোনো স্বাস্থ্য বীমার পরিকল্পনা কেনার অনুমতি নেই।

স্বাস্থ্য বীমা কোম্পানিগুলি আমার পূর্বের অসুস্থতাগুলির জন্য আমাকে অতীতে স্বাস্থ্য বীমা দিতে অস্বীকার করেছে। আমার জন্য এখন কি বিকল্প আছে?

- **হ্যাঁ।** জুন 2010 এ রাজ্যগুলি আগে থেকে বিদ্যমান রোগযুক্ত ব্যক্তিদের বীমার আওতা প্রদানের জন্য ''উচ্চ-ঝুঁকির যৌথ বন্দোবস্ত'' স্থাপন করবে। 2014 সালে দলগত স্বাস্থ্য পরিকল্পনাগুলি এবং দলগত ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিকল্পনা প্রদানকারীরা আর আগে থেকে বিদ্যমান রোগের কারণে অথবা স্বাস্থ্যের অবস্থার ভিত্তিতে অন্যান্য বৈষম্যের কারণে কোনো ব্যক্তিকে বীমার আওতা দিতে অস্বীকার করতে পারবে না। বর্তমানে হেল্থ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর সেক্রেটারি প্রবিধান রচনা করছেন যেগুলি এই বছর কার্যকরী হবে এবং স্বাস্থ্য পরিকল্পনাগুলি কর্তৃক আগে থেকে বিদ্যমান রোগে আক্রান্ত শিশুদের বীমার আওতা দিতে অস্বীকার করাকে নিষিদ্ধ করবে।

আমি মেডিকেয়ার-এর সুবিধা প্রাপক এবং আমাকে আমার ওষুধের জন্য মূল্য দিতে হয়। স্বাস্থ্য সেবা সংস্কার কি এই খরচগুলির ব্যাপারে সাহায্য করবে?

- **হ্যাঁ।** বর্তমানে প্রেসক্রিপশন ওষুধগুলিকে আওতাভুক্ত করার ক্ষেত্রে মেডিকেয়ারে একটি শূন্যস্থান আছে, যা ''ডাওনাট হোল'' নামে পরিচিত। মেডিকেয়ার অংশ D-তে একজন সুবিধাপ্রাপকের ওষুধের মূল্য $2,700 স্পর্শ করলে, যতক্ষণ সুবিধা প্রাপকের ওষুধের মূল্য $6,154 এ না পৌঁছচ্ছে ততক্ষণ মেডিকেয়ার কোনো সহায়তা প্রদান করে না। এই ''ডাওনাট হোল'' এ সুবিধা প্রাপকদের তাদের ওষুধের পুরো মূল্য প্রদান করতে হয়। নতুন স্বাস্থ্য সেবা সংস্কার আইনগুলির অধীনে ''ডাওনাট হোল'' সুবিধাপ্রাপকরা 2010 সালে $250 ছাড় পাবেন। ব্র্যান্ডের নামযুক্ত ওষুধের উপরে ওষুধ প্রস্তুতকারকদের বাধ্যতামূলকভাবে ''ডাওনাট হোল'' সুবিধাপ্রাপকদের যে 50% ছাড় দিতে হয়, 2011 থেকে 2020 সাল পর্যন্ত ক্রমবর্ধমান রাষ্ট্রীয় ভরতুকিগুলি তার সাথে আরো ছাড় যোগ করবে। 2020 সালের মধ্যে স্বাস্থ্য সেবা সংস্কার ''ডাওনাট হোল''-কে পুরোপুরি বন্ধ করে দেবে।

অভিবাসীদের উপরে প্রভাব

আমি একজন বৈধ অভিবাসী। আমার কি স্বাস্থ্য বীমার আওতার জন্য নতুন কোনো বিকল্প আছে?

- **হ্যাঁ,** 2014 সালে রাজ্যগুলি আরো সামর্থ্যের মধ্যে স্বাস্থ্য বীমার বিকল্প প্রদানের জন্য একটি রাজ্য হেল্থ বেনিফিট এক্সচেঞ্জ কার্যক্রম গঠন করবে। সকল বৈধ অভিবাসী এক্সচেঞ্জগুলিতে বীমার আওতা কিনতে পারেন। এছাড়া, স্বল্প ও মাঝারি আয়সম্পন্ন ব্যক্তিরা এক্সচেঞ্জগুলিতে বীমার আওতা কেনার সময়ে কর ক্রেডিট পেতে পারেন। আপনি যদি একজন বৈধ অভিবাসী হিসাবে ইউ.এস. এ কমপক্ষে পাঁচ বছর যাবত থাকেন, এবং আপনার আয় FPL এর 133% বা তার চেয়ে কম হয়, তাহলে আপনি মেডিকেইড-এর জন্যও যোগ্য হতে পারেন।

Headquarters
450 Sutter Street, Suite 600
San Francisco, CA 94108
(P) (415) 954-9988
(F) (415) 954-9999

National Policy Office
1828 L Street, NW, Suite 802
Washington, DC20036
(P) (202) 466-7772
(F) (202) 466-6444

Follow us online:
www.apiahf.org
www.facebook.com/apiahf
www.twitter.com/apiahf
www.youtube.com/apiahf

APIAHF
ASIAN & PACIFIC ISLANDER AMERICAN HEALTH FORUM

আমার পরিবারের কিছু সদস্য বৈধ অভিবাসী বা নাগরিক এবং কয়েকজন অনথিভুক্ত। আইনী মর্যাদাপ্রাপ্ত ব্যক্তিরা কি তবুও রাজ্যের হেল্থ বেনিফিট এক্সচেঞ্জ ও কর ক্রেডিটের সুবিধা পেতে পারেন?

- **হ্যাঁ।** নাগরিক ও বৈধ অভিবাসীরা রাজ্যের হেল্থ বেনিফিট এক্সচেঞ্জে স্বাস্থ্য বীমার আওতার জন্য আবেদন করতে পারেন। এছাড়াও, অনথিভুক্ত মা-বাবারা তাদের বৈধ অভিবাসী বা নাগরিক সন্তানদের জন্য এক্সচেঞ্জের মাধ্যমে ''কেবলমাত্র শিশুদের জন্য'' আওতার জন্য আবেদন করতে পারেন। বৈধ অভিবাসী বা নাগরিক শিশুরা প্রিমিয়াম কম ক্রেডিট ও হ্রাসপ্রাপ্ত খরচ-ভাগাভাগির জন্য যোগ্য হতে পারে।

আমি একজন অনথিভুক্ত অভিবাসী। আমার কি স্বাস্থ্য বীমার আওতার জন্য নতুন বিকল্প আছে?
না। স্বাস্থ্য সেবা সংস্কার অনথিভুক্ত অভিবাসীদের জন্য সুবিধা তৈরি করে না। এমন কি অনথিভুক্ত অভিবাসীরা যদি কোনো রাজ্য এক্সচেঞ্জে একটি পরিকল্পনার জন্য পুরো মূল্য দিতে সমর্থ হন, তাহলেও প্রত্যেকের ক্ষেত্রেই নাগরিকত্ব বা আইনী উপস্থিতির প্রমাণের সত্যতা যাচাই করতে হবে। অনথিভুক্ত অভিবাসীরা এমার্জেন্সি মেডিকেইড, সার্বজনীন স্বাস্থ্য কেন্দ্র ও অন্যান্য সেফটি নেট প্রদানকারীদের থেকে পরিষেবা চাইতে পারেন।

ইউ.এস. অঞ্চলগুলির উপরে প্রভাব

ইউ.এস. টেরিটোরিজ-এর বাসিন্দাদের কি স্বাস্থ্য বীমার আওতা কিনতে হবে?

- **না।** স্বাস্থ্য বীমার আওতা ক্রয়ের ব্যক্তিগত আদেশ ইউ.এস. টেরিটোরিজ-এর মূল বাসিন্দাদের উপরে প্রযুক্ত হয় না।

ইউ.এস. টেরিটোরিজ-এ কি এক্সচেঞ্জ থাকবে?

- ইউ.এস. টেরিটোরিজ-এ এক্সচেঞ্জ স্থাপনের বিকল্প আছে। যে সকল স্বল্প ও মাঝারি আয়ের ব্যক্তি ও পরিবারগুলি এক্সচেঞ্জগুলি থেকে স্বাস্থ্য বীমা কিনবেন এবং যারা মেডিকেইড বা CHIP এর মত স্বাস্থ্য বীমার সুবিধা পান না, তাদের সামর্থ্যের মধ্যে কেনার ক্রেডিট দেওয়ার জন্য টেরিটোরিজ অর্থ অনুদানও পাবে।

স্বাস্থ্য সেবা সংস্কার কি ইউ.এস. টেরিটোরিজকে অন্য কোনো অতিরিক্ত সহায়তা দেবে?

- **হ্যাঁ,** তবে এই উন্নয়নগুলি টেরিটোরিজ-কে রাজ্যগুলির মত একই সুবিধা দেয় না।
  - স্বাস্থ্য সেবা সংস্কার টেরিটোরিজ-এর জন্য মেডিকেইড অর্থ অনুদানের সীমাকে 30% বাড়িয়েছে।
  - একটি টেরিটোরির মেডিকেইড ব্যয়গুলির রাষ্ট্রীয় ম্যাচিং শতাংশকে 50% থেকে বাড়িয়ে 55% করা হবে।

ইউ.এস. টেরিটোরিজ-এর বাসিন্দারা কি বীমা বাজারে ইউ.এস. রাজ্যগুলির বাসিন্দাদের মত একই রকম সুরক্ষা পাবেন?

- **হ্যাঁ।** আগে থেকে বিদ্যমান রোগের কারণে বীমার আওতার বাইরে রাখা, বার্ষিক ও আজীবন সীমা, এবং মহিলাদের ক্ষেত্রে উচ্চতর প্রিমিয়ামের উপরে নিষেধাজ্ঞা ইউ.এস. টেরিটোরিজ-এর বাসিন্দাদের উপরে প্রযুক্ত হয়, একইভাবে বয়সের ভিত্তিতে উচ্চতর প্রিমিয়ামের উপরে নিয়ন্ত্রণও প্রযুক্ত হয়।

Headquarters
450 Sutter Street, Suite 600
San Francisco, CA 94108
(P) (415) 954-9988
(F) (415) 954-9999

National Policy Office
1828 L Street, NW, Suite 802
Washington, DC20036
(P) (202) 466-7772
(F) (202) 466-6444

Follow us online:
www.apiahf.org
www.facebook.com/apiahf
www.twitter.com/apiahf
www.youtube.com/apiahf

OCTOBER 2010